# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০৭

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৪২.২০২৩- ৩৩৪২ তারিখ : ২৭ /১০/২০২৫ খ্রিঃ।

## পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি (সংশোধিত)

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ১ম সেমিস্টারে নিম্নবর্ণিত প্রোগ্রামে পূর্ণকালীন/খন্ডকালীন শিক্ষার্থী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | বিভাগ/ইনস্টিটিউট | প্রোগ্রাম |
|---|---|---|
| (১) | সিভিল ইঞ্জিনিয়ারিং | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| (২) | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| (৩) | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| (৪) | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| (৫) | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| (৬) | ফুড ইঞ্জিনিয়ারিং | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং |
| (৭) | ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং |
| (৮) | রসায়ন | এমএসসি, এম ফিল, পিএইচ ডি |
| (৯) | গণিত | এমএসসি, এম ফিল, পিএইচ ডি |
| (১০) | পদার্থবিজ্ঞান | এমএসসি, এম ফিল, পিএইচ ডি |
| (১১) | মানবিক ও সামাজিক বিজ্ঞান বিভাগ | এমএ (অ্যাপ্লাইড লিঙ্গুইস্টিকস এন্ড ইএলটি), এমএসসি (ইকোনোমিক্স), এমবিএ |
| (১২) | ইনস্টিটিউট অব ওয়াটার এন্ড এনভায়রনমেন্ট | এমএসসি ইঞ্জিনিয়ারিং (ওয়াটার এন্ড এনভায়রনমেন্ট), এম ইঞ্জিনিয়ারিং (ওয়াটার এন্ড এনভায়রনমেন্ট), পিজিডি ইন ইঞ্জিনিয়ারিং (ওয়াটার এন্ড এনভায়রনমেন্ট) |
| | | পিজিডি, এমএসসি ইন ওয়াটার এন্ড এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট, মাস্টার্স ইন ওয়াটার এন্ড এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট |
| (১৩) | ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি | পিজিডি, এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং |
| (১৪) | ইনস্টিটিউট অব এনার্জি ইঞ্জিনিয়ারিং | পিজিডি, এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |

০২। **ভর্তি সংক্রান্ত সময়সূচী:-**

| ক্রমিক নং | বিষয় | সময়কাল |
|---|---|---|
| (১) | ভর্তির নিমিত্তে আবেদন করার যোগ্যতা যাচাই এর আবেদন করার শুরু ও শেষ তারিখ | ১৬/০৯/২০২৫ খ্রিঃ হইতে ০৫/১০/২০২৫ খ্রিঃ পর্যন্ত |
| (২) | ভর্তির নিমিত্তে আবেদন করার যোগ্যতা যাচাই এর ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের তারিখ | ১৫/১০/২০২৫ খ্রিঃ |
| (৩) | ভর্তির আবেদন করার শুরু ও শেষ তারিখ | ১৬/১০/২০২৫ খ্রিঃ হইতে ০৫/১১/২০২৫ খ্রিঃ পর্যন্ত |
| (৪) | প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের তারিখ | ১০/১১/২০২৫ খ্রিঃ |
| (৫) | ভর্তি পরীক্ষার তারিখ | ১৩/১১/২০২৫ খ্রিঃ হইতে ১৬/১১/২০২৫ খ্রিঃ পর্যন্ত |
| (৬) | ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ | ১৮/১১/২০২৫ খ্রিঃ |
| (৭) | ভর্তির তারিখ | ১৯/১১/২০২৫ খ্রিঃ হইতে ২৫/১১/২০২৫ খ্রিঃ পর্যন্ত |
| (৮) | কোর্স রেজিস্ট্রেশনের তারিখ | ০১/১২/২০২৫ খ্রিঃ হইতে ০৭/১২/২০২৫ খ্রিঃ পর্যন্ত |
| (৯) | ক্লাশ শুরুর তারিখ | ০৮/১২/২০২৫ খ্রিঃ |

০৩। **সাধারণ শর্তাবলী :-**

(১) ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য সম্বলিত প্রসপেক্টাস এবং অনলাইনে আবেদনের পদ্ধতি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.duet.ac.bd** এ পাওয়া যাবে।

(২) ভর্তির জন্য আবেদন করার নিমিত্ত ফি বাবদ = ১,৭৫০/- (এক হাজার সাতশত পঞ্চাশ মাত্র) টাকা পেমেন্ট সম্পর্কিত নির্দেশনা অনুসরণপূর্বক মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে ফি পরিশোধ করতে হবে।

(৩) প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হইতে ডিগ্রী অর্জনকারী যেসকল শিক্ষার্থী ২০২১-২০২২ থেকে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয়ের পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির নিমিত্ত ভর্তির যোগ্যতা যাচাইয়ে উত্তীর্ণ হইয়াছেন, তাহারা ভর্তির আবেদন করিতে পারিবেন। পাবলিক বিশ্ববিদ্যালয় হইতে ডিগ্রী অর্জনকারী শিক্ষার্থীরা সরাসরি পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির আবেদন করিতে পারিবেন।

(৪) পূর্ণকালীন শিক্ষার্থীদের মধ্যে মেধার ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী Fellowship/Teaching/Research Assistantship প্রদান করা যেতে পারে।

(৫) চাকুরিরত প্রার্থী নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতিসহ খন্ডকালীন/পূর্ণকালীন শিক্ষার্থী হিসেবে ভর্তির জন্য আবেদন করতে পারবে এবং সেক্ষেত্রে আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদিত ডেপুটেশন/ছুটির আদেশ/NOC অনলাইনে আপলোড করতে হবে।

(৬) ডুয়েটের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের সমাপনী বর্ষের শিক্ষার্থীরা ৪র্থ বর্ষ ২য় সেমিস্টারের শুধুমাত্র গ্রেডশিট দাখিলপূর্বক অনলাইনে পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামের জন্য আবেদন করতে পারবে। সেক্ষেত্রে ভর্তি পরীক্ষার দিন সাময়িক সনদপত্র দাখিল করতে হবে।

(৭) ভর্তির নিমিত্তে চূড়ান্তভাবে মনোনয়নের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট-এ মৌখিক/লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট হতে সংগ্রহ করতে হবে।

(৮) অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

27 OCT 2025

অধ্যাপক ড. মোহাঃ আবু তৈয়ব)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)
তারিখ : ২৭ /১০/২০২৫ খ্রিঃ।

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৪২.২০২৩-৩৩৪২

**সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি :-**
**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সকল-ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান/শাখা প্রধান।
৪। রেজিস্ট্রার ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... বিশ্ববিদ্যালয় (সকল)।
৫। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
৬। চেয়ারম্যান, আইসিটি সেল।
৭। সকল নোটিশ বোর্ড।
৮। সংরক্ষণ নথি।

27-10-25
(এ. বি. এম. মঈনুল হক)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা।

*E:\Arif Mahmud\Admission All\Admission M.Sc. Engg\2024-2025\Admission Notice.doc*

# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

## পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রাম
## ভর্তির শিক্ষাবর্ষ : ২০২৪-২০২৫

**অনলাইন আবেদনের পদ্ধতি** :-

১। আগ্রহী প্রার্থীকে **ভর্তির** জন্য আগামী ০৫/১১/২০২৫ খ্রি: তারিখ রবিবার রাত ১১:৫৯ মিনিটের মধ্যে অনলাইনে আবেদন করা যাবে।

২। Online Application এবং Payment এর ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে E-mail: pg.admission@duet.ac.bd এ যোগাযোগ করা যাবে।

৩। আবেদনকারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের https://pga.duetbd.org/ওয়েবসাইটে প্রবেশ করে Create Applicant Account এ ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদানপূর্বক একটি একাউন্ট তৈরী করে "Apply Now" অপশন হতে প্রার্থীত প্রোগ্রামের জন্য আবেদন Submit করতে হবে।

৪। প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে ডিগ্রী অর্জনকারী যেসকল শিক্ষার্থী ২০২১-২০২২ থেকে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয়ের পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির নিমিত্ত ভর্তির যোগ্যতা যাচাইয়ে উত্তীর্ণ হয়েছেন, তারা প্রমাণক সংযোজনপূর্বক অনলাইনে ভর্তির আবেদন করতে পারবেন। পাবলিক বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী অর্জনকারী শিক্ষার্থীরা সরাসরি অনলাইনে পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির আবেদন করতে পারবেন।

৫। **ভর্তির জন্য আবেদন** করার নিমিত্ত ফি বাবদ **= ১,৭৫০/- (এক হাজার সাতশত পঞ্চাশ মাত্র) টাকা** How to pay? বাটনে ক্লিক করে পেমেন্ট সম্পর্কিত নির্দেশনা অনুসরণপূর্বক bKash/Agrani Education Fee Pay মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে ফি পরিশোধ করতে হবে।

৬। পরবর্তীতে সিস্টেমে Login করে "My Application" মেনুতে Click করতে হবে। অত:পর **ভর্তির** আবেদনের জন্য "Submit Application" Button এ Click করে সকল তথ্য প্রদানসহ সংশ্লিষ্ট সকল প্রয়োজনীয় ডকুমেন্ট আপলোড করে আবেদন সম্পন্ন করতে হবে। সফলভাবে আবেদন Submit করার পর "My Application" মেনু থেকে "Print Application" Button এ ক্লিক করে আবেদন পত্রটি ডাউনলোড করতে হবে। এরপর ডাউনলোডকৃত আবেদন এবং আপলোডকৃত সংশ্লিষ্ট সকল প্রয়োজনীয় ডকুমেন্টের পিডিএফ ফাইল একত্রে সংযুক্ত করে E-mail: pg.admission@duet.ac.bd এ প্রেরণ করতে হবে।

৭। দেশের সকল প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে ডিগ্রী অর্জনকারী যে সকল শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের জন্য ভর্তির যোগ্যতা যাচাইয়ে উত্তীর্ণ হয়েছেন, তারা ইতোপূর্বে তৈরি করা Account এ Login করে "Apply Now" অপশন হতে ভর্তির জন্য আবেদন Submit করতে পারবেন এবং ক্রমিক নং- ৫ ও ৬ অনুসরণপূর্বক ভর্তির ফরম পূরণ করে Submit করতে হবে।

28 OCT 2025

অধ্যাপক ড. মোহা: আবু তৈয়ব)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)